বাবা! মেয়েকে সকালে কি একটু বলেছিলাম বলে তো তেড়ে মারতে এলেন, ধ্যান ছাড়া এটা কি হচ্ছে ছোট মাসী? রাধা মুখ তুলিয়া চাহিল মাত্র, কিছু বলিল না।

শিশির রাধার প্রকৃতি-ছাড়া ব্যবহার দেখিয়া বিস্মিত হইল। ছোটমাসী আবার গম্ভীর হইবে! বিবাহ ব্যাপারটা যে মেয়েদের পরকাল ঝরঝরে করিয়া দিবার প্রধান 'কল', তাহাতে আর শিশিরের সন্দেহ করিবার কিছু নাই।

মেয়েদের যে কতই ঢং। নাও, মা তোমার জন্মে রাজ্যের বেনারসী শাড়ী ছড়িয়ে বসে ডাকাডাকি করছেন। কি যে সব বুঝি না বাবা। বলিয়া দুইখানা হাত যতটা সম্ভব উল্টাইয়া মুখ বাঁকাইয়া চলিয়া গেল। মূল কথা ছোট মাসীর সঙ্গে ভাল মতন একটা ঝগড়া না বাধান পর্য্যন্ত তাহার মনে একবিন্দু শান্তি নাই। ভোজের ব্যাপারটি বেশ লোভনীয় হইয়াছে দেখা যাইতেছে, হজম হইবে কিরূপে? লাগিবে নাকি মেজ-মামার সঙ্গে একবার? নাঃ, বড় লায়েক হইয়া গিয়াছে আজকাল সে—শিশিরের সঙ্গে কথা কয় যেন পিঠ চাপড়াইয়া, তেমন জমিবে না। ছোট মেসোমশাইটী আসিলে হয়। লোকটী তবু ভদ্র আছে; সে দিন খাসা হারিয়াছিল 'ক্যারমে'।

বড়দির কাছে আবার 'ডাক খাইয়া' রাধা উপরে গেল।

বড়দি ট্রাঙ্ক খুলিয়া খানকতক রঙিন শাড়ী বাহির করিয়া নাড়াচাড়া করিতেছিলেন, দেখিয়া বলিলেন—রাধা শোন্, দেখতো কোন কাপড়টা দেব।

রাধার মন ভাল থাকিলে বড়দির সামনে একটু লজ্জার অভিনয় করিয়া জানাইত—বেশ সাজ আছে তাহার। মনটা তাহার সহসা এমন ভারগ্রস্ত হইয়া গিযাছে যে নিরুৎসাহভাবে শুধু বলিল, দাওনা যা হয়। নীলাম্বরীর কথা মনেই পড়িলনা।

বড়দি বাছিয়া বাছিয়া একখানা বেগুনী ছাপা ছিটের শাড়ী ও ব্লাউস পরাইয়া চুল আঁচড়াইয়া টিপ্ পরাইয়া আলতা পরাইয়া বলিলেন—বসে থাক সভ্য ভব্য হয়ে। এখুনি যেন শিশিরটার সঙ্গে মারামারি করে রণচণ্ডী বেশ করিসনে বাপু।

শিশিরের সঙ্গে? তাহার সম্মুখে বাহির হইতে হইলে তো রাধা মরিয়াই যাইবে। কাহার সামনেই বা নয়? বাবা, দাদু, মেজদা, জামাইবাবু—উঃ সর্ব্বনাশ আর কি?

তিনতলায় দাদার ঘরটা খালি পড়িয়া আছে। দাদা বৌ লইয়া শ্বশুর বাড়ী গিয়াছে, অথবা বৌদি বর লইয়া বাপের বাড়ী। রাধা আসিয়া জানলার ধারে ইজি-চেয়ারটা টানিয়া শুইয়া পড়িল।

কালই তো মনোজের চিঠি আসিয়াছে; হাতের কাছে না থাকিলে রাধার প্রায় মুখস্থ। ওই যে লিখিয়াছে রাণি আমাদের ভালবাসা চির নবীন চিরসুন্দর, অক্ষয়, যুগযুগান্তর আমরা পরস্পরকে ইত্যাদি ইত্যাদি সে সমস্তই—তাহা হইলে অসার কবিত্ব? "যুবক 'দাদু' তরুণী "ঠাকুমা" এমন একটা হাস্যকর চিত্র কল্পনা করিয়া হাসিয়া লুটোপুটি খাওয়ার পরিবর্ত্তে এত দুশ্চিন্তা কেন? কি রাধার।

শিশির মিথ্যা বলে না, "মেয়েদের সব ঢংই" বটে।

রাধার চিন্তাজাল ভেদ করিয়া সুধার কলকণ্ঠ ধ্বনিয়া উঠিল নীচের তলায়—ছোড়দি আসিয়াছে? আসিবার কথা ছিল না কি? রাধার কি কিছু হুঁস পর্ব্ব ছিল না? না—ওই যে সুধার খানানো সাধা গলার প্রত্যেকটি কথা শোনা যাইতেছে, রাধা তাড়াতাড়ি উঠিয়া বসিল; ছোড়দি আসিলে রাধার ঝড়ে উড়িয়া নীচে পড়িবার কথা · কিন্তু বলিয়েছে কি?—'হ্যাঁ গো তাইতো এলাম। আমি না থাকলে নতুন জামাইয়ের কান মলবে কে? তোমাদের বাপু আচ্ছা আক্কেল, ঘরের মেয়েকে দিয়ে পরের ছেলেকে নেমন্তন্ন! রাধি' এসেছে—বড়দি রয়েছে—না এসে থাকতে পারি? রাত থেকে ঘুম হচ্ছিল না, নিয়ে আসার প্রতিজ্ঞা করিয়ে তবে ঘুমোই। কই গো দাদু, তোমাদের 'চাঁদের হাট-বাজার' দেখলে? তিনটি রত্ন তোমার ঘরের তিন কোণ উজ্জ্বল করে বসেছেন, এইবার তুমি গিয়ে এদিকে বসলেই সর্ব্বাঙ্গ সুন্দর হয়।

শেষের কথা কয়টা কানে ঢুকিবার পথ না পাইয়া ভাসিয়া গেল, রাধার কানে শুধু বাজিতে লাগিল—"তিনটি রত্ন"—মনোজও আসিয়াছে তাহা হইলে? অত করিয়া লিখিয়াছিল মনোজ, ঠিক দশটা মিনিটের সময় ছাতের পশ্চিম কোণে দাঁড়িয়ে থেকো লক্ষ্মীটি, আমি থেকে আসতে আসতে দেখবো—অভিসারিকা শ্রীরাধার মত সেই নীল শাড়ীর আঁচলটা গায়ে জড়িয়ে · থাকবে তো? আমি মোড়ের মাথায় গাড়ীটা ইচ্ছে করে বিগড়ে ফেলবো, আর অনেকক্ষণ চুপচাপ বসে থাকতে হবে ওপর দিকে তাকিয়ে, কেমন? লোকের কিছু মনে করবার হেতু নেই, গাড়ীই যখন চলছে না? সত্যি রাণি, তোমাদের বাড়ীর সেই জনারণ্য ভেদ করে কখন যে দেখা হবে—" মনোজ ছাতের দিকে চাহিতে চাহিতে আসিয়া হতাশ হইয়া গিয়াছে? কোন কথায় ভুলিয়া এমন প্রয়োজনীয় কথা ভুলিল রাধা? হইয়াছিল কি তাহার? এতক্ষণের পুঞ্জীভূত বেদনা যেন একটা পথ পাইয়া ঝর ঝর করিয়া ঝরিয়া পড়িল।





# সঙ্গীত

বাঙ্গাল্ *—ত্রিতালী

আয় মা চঞ্চলা মুক্তকেশী শ্যামা কালী।
নেচে নেচে আয় বুকে আয়—
দিয়ে তাথৈ তাথৈ করতালী॥
দশদিক আলো ক'রে,
ঝঞ্ঝার মঞ্জীর প'রে,
দুরন্ত রূপ ধ'রে আয়—
মায়ার সংসারে আগুন জ্বালি'॥
আমার স্নেহের রাঙা জবা পায়ে দ'লে
কালোরূপ-তরঙ্গ তুলে,
গগন-তলে, সিন্ধুজলে—
আমার কোলে—আয় মা আয়।
তোর চপলতায় মা কবে—
শান্ত ভবন প্রাণ চঞ্চল হবে,
এলোকেশে এনে ঝড় মায়ার এ-খেলাঘর
ভেঙে দে'মা, আনন্দ-দুলালী॥

কথা ও সুর ঃ—কাজী নজরুল্ ইস্‌লাম্ স্বরলিপি ঃ—জগৎ ঘটক

| | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ° | | | | | ১ | | | | | ২´ | | | | | ৩ | | | | |
| II { | গা | -া | -া | -রগা | \| | গা | -া | -পমা | -া | \| | মা | -গা | রা | সা | \| | সা | -ন্া | ধ্া | প্া | I |
| | আ | ° | ° | য়্ | | মা | ° | ° | ° | | চ | ন্ | চ | লা | | মু | ক্ | ত | কে | |

* বাঙ্গাল্=বঙ্গাল্ (হিন্দী)। অপ্রচলিত লুপ্তপ্রায় রাগগুলির মধ্যে এটী অন্যতম। এই রাগের ঐরূপ নামের কোন প্রকৃত তাৎপর্য্য পাওয়া যায় না। সম্ভবতঃ, বঙ্গদেশে এককালে ইহার প্রচলনাধিক্য হেতু হিন্দুস্থানী গায়কেরা ইহার নাম "বঙ্গাল" রাখিয়াছিলেন। আদি রাগ রাগিণীর সংখ্যা-সম্বন্ধে বিভিন্ন প্রাচীন সংস্কৃত সঙ্গীত-গ্রন্থকারগণ বিভিন্ন মত দিয়া গিয়াছেন। "সঙ্গীত-সার-সংগ্রহে" যে বিংশতিটী আদি রাগের নাম পাওয়া যায়, তাহাদের মধ্যে "বঙ্গাল" রাগের উল্লেখ আছে, যথা ঃ—

"শ্রী-রাগ নট্টৌ বঙ্গালৌ ভাষ মধ্যম ষাড়বৌ।
………………………………"—ইত্যাদি।

এই রাগ সম্পূর্ণজাতি এবং ইহা বেলাবলী ঠাটে গীত হয়। ইহার আরোহী—স, র, গ, ম, প, র্স এবং অবরোহী—র্স, ন, ধ, প, ম, গ, র, স।

I প্‌সা -া -া ন্‌া | নরা -া -া সা | সগা -া -রগরা সা | সা -া -া -া} I
শী০ ০ ০ শ্যা মা ০ ০ ০ কা ০ ০ ০ ০ লী ০ ০ ০

I পা মা গা রা | সন্‌া -সা ধ্‌া ন্‌া | সা -রা -গা -রগরা | -সা -া পা পা I
নে চে নে চে আ০ য়্‌ বু কে আ ০ ০ ০০ ০ য়্‌ দি য়ে

I পা পর্সা -া পা | পর্সা -া র্সা র্সা | র্সা -না -ধা -পধপ | মা -া -া -া II
তা থৈ ০ তা থৈ ০ ক র তা ০ ০ ০০ লী ০ ০ ০

০ ১ ২ ৩
পা পা II পর্সা -া -া -া | র্সা -া র্সা -া | র্সর্রা -া র্সা -া | র্সা -া -া -া I
দ শ দি ০ ০ ক্‌ আ ০ লো ০ ক’ ০ ০ ০ রে ০ ০ ০

I র্সা -না ধা পা | মা -া পা পা | পা -পর্রা -া র্সা | র্সা -া -া -া I
ঝ ন্‌ ঝা র ম ন্‌ জী র প’ ০০ ০ ০ রে ০ ০ ০

I র্সা র্রা -র্গা র্মা | র্গর্মর্গা -া র্রা র্রা | র্রর্গা -র্রা -র্সা -া | -া -া -া -া I
দু র ন্‌ ত ঝ ০ প্‌ ধ’ রে আ ০ ০ ০ ০ ০ ০ য়্‌

I র্সা না -ধা -পা | পধা -পা মা গা | রা রমা মগা রা | রসা -া -া -া II
মা য়া ০ র্‌ স ঙ্‌ সা রে আ গু ন জ্বা লি’ ০ ০ ০

০ ১ ২ ৩
-া -া II ধা ধপা পা পমা | মগা -া গা গাম | রা রমা গা রা | ন্‌া -সা ধ্‌া -ন্‌া I
০ ০ আ মা র স্নে হে র্‌ রা ঙা জ বা পা য়ে দ’ ০ লে ০

প্রথম শিক্ষার্থী-শিক্ষার্থিনীগণের সুবিধার জন্য এই গানখানির স্বরলিপিতে আমি প্রতি অর্দ্ধমাত্রাকে একমাত্রা হিসাবে ধরিয়া ভাগ করি[illegible] প্রথমে গানখানির সুর, প্রদত্ত তালে ও ছন্দে আয়ত্ব করিয়া লইয়া, পরে প্রতি দুই দুই মাত্রাকে একমাত্রা হিসাবে ধরিয়া, উক্ত স্বরলিপিতে [illegible] ৩২ মাত্রাকে ১৬ মাত্রার তালে অপেক্ষাকৃত একটু জলদ গাহিলেই গানখানি ঠিকমত গাওয়া হইবে। ইতি—স্বরলিপিকার



I সা রা গা মা | পা পর্সা -া র্সা | র্সা -া পা -া | গা মা -রা মা I
কা লো রু প ত র০ ঙ্‌ গ তু ০ লে ০ গ গ ন ত

I গা -া রা -মা | গা রা সা -া | সা সা প্‌া প্‌া | প্‌রা -া সা -া I
লে ০ সি ন্‌ ধু জ লে ০ আ মা র্‌ কো লে০ ০ ০ ০

I সা -া -রা -া | রা -গা -া -গার | গা মা -া -া | -া -া -া রা I
আ ০ ০ য়্‌ মা ০ ০ ০ আ ০ ০ ০ ০ ০ ০ য়্‌

I পা -া পা পা | পা পর্সা -া র্সা | র্সর্রা -া র্সা -া | -া -া -া -া I
তো র্‌ চ প ল তা০ য়্‌ মা ক০ ০ বে ০ ০ ০ ০ ০

I র্সা না ধা পা | পা মা মা -া | পা র্রা -র্সা -া | র্সা -া র্সা -া I
শা ন্‌ ত ভ ব ন্‌ প্রা ণ্‌ চ ন্‌ চ ল্‌ হ ০ বে ০

I র্সা র্রা র্গা র্মা | র্গা র্রর্গর্রা র্রা -া | র্রা র্রা র্গা র্গর্রা | র্সা র্সা র্সপা র্সা I
এ লো কে শে এ নে০ ঝ ড়্‌ মা য়া র্‌ এ খে লা ঘ র্‌

I র্সা না ধা -পা | পধা -া -া মা | মা গা -রা রমা | গা রগরা রসা -া II II
ভে ঙে দে ০ মা ০ ০ ০ আ ন ন্‌ দ০ দু লা০ লী ০